

ক্রমিক নং	শিরোনাম	উদ্ভাবন গ্রহণের যৌক্তিকতা	বাস্তবায়নকারী
০১	অপরাজেয় নারী	মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ৬টি বিভাগীয় শহরে মহিলা সহায়তা কেন্দ্রে নির্যাতিত নারী ও শিশুরা যথাযথ আইনী সেবা পায় না। আশ্রয় কেন্দ্রের বোডারগণ প্রচলিত (সেলাই) প্রশিক্ষণ পদ্ধতির কারণে উপকৃত হয় না। “অপরাজেয় নারী” গড়ে তোলার উদ্ভাবনী উদ্যোগের আওতায় অনধিক ১৫ দিনে অভিযোগ নিষ্পত্তি, নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ পদ্ধতি প্রচলন এবং প্রশিক্ষণের সংখ্যা বৃদ্ধি, বোডারদের স্বাবলম্বী হওয়ার জন্য আর্থিক অনুদান ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা।	মহিলা বিষয়ক অধিদপ্তর
০২	নির্ভয়ে পথচলা	যৌন হয়রানী শিকার স্কুলগামী মেয়েদের অভিযোগ দাখিলের সহজ ব্যবস্থা না থাকা এবং স্বচ্ছ অভিযোগ বাস্তব স্থাপনসহ এ সংক্রান্ত বিদ্যমান কমিটি সক্রিয় করার লক্ষ্যে এ উদ্ভাবনে উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।	মহিলা বিষয়ক অধিদপ্তর
০৩	আলোর ভুবনে নারী	নির্যাতিত নারী ও শিশুরা মানসিক ভাবে হতাশাগ্রস্ত এবং সিদ্ধান্তহীনতায় ভোগেন। সেবা প্রদানকারী সংস্থা সম্পর্কে অজ্ঞ থাকায় হয়রানির শিকার, পরনির্ভরশীল এবং বিপদগামী হয় (পাচার, দেহ ব্যবসা, মাদক ব্যবসায় জড়িত ইত্যাদি)। নারী ও শিশুদের নির্যাতনের প্রতিরোধ সেল/কমিটির মাধ্যমে নির্যাতনের প্রতিকার ব্যবস্থা নেয়া হলেও মনোসামাজিক ও কারিগরি প্রশিক্ষণ এবং ঋণ প্রদান করে তাদের স্বাবলম্বী করে তোলার ব্যবস্থা নাই। “আলোর ভুবনে নারী” উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়ন করে মনোসামাজিক কাউন্সিলিং এর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাল্টিসেক্টরাল প্রোগ্রাম এর মাধ্যমে নির্যাতিত নারীদের মানসিকভাবে উজ্জীবিত করা। একই সাথে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে স্বাবলম্বী করে তোলা।	মহিলা বিষয়ক অধিদপ্তর
০৪	কর্মজীবী মহিলাদের হোস্টেল এ সিট বরাদ্দের অনলাইনে আবেদন ও ডাটাবেজ তৈরী।	অনলাইনে আবেদনের ফলে কর্মজীবী মহিলাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তৃপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে সেবা গ্রহীতাদের সময়, অর্থও ভিজিট কমে যাবে।	জাতীয় মহিলা সংস্থা
০৫	মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে স্বকর্ম সহায়ক ঋণ গ্রহণে অনলাইনে আবেদন ও ডাটাবেজ তৈরী	অনলাইনে আবেদনের ফলে স্বকর্ম সহায়ক ঋণ গ্রহীতাদের স্বশরীরে উপস্থিত না হয়ে সহজে আবেদনপত্র জমা দিতে পারবে। কর্তৃপক্ষ আবেদন যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের এসএমএস/কল এর মাধ্যমে অবগত করা হবে। ফলে ঋণ গ্রহীতাদের সময়, অর্থও ভিজিট কমে যাবে।	জাতীয় মহিলা সংস্থা
০৬	কোভিড-১৯ পরিস্থিতিতে আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপন	বিদ্যমান করোনা পরিস্থিতিতে খানমন্ডিস্থ রাপা প্লাজার ৫ম তলায় অবস্থিত জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের পণ্য প্রত্যক্ষভাবে প্রদর্শন ও বিক্রয় কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে বিধায় আনন্দমেলা প্ল্যাটফর্মে জয়িতা কর্নার স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	জয়িতা ফাওন্ডেশন
০৭	অন-লাইন কুইজ আয়োজন	বৈশ্বিক মহামারী করোনার কারণে শিক্ষার্থীরা এখন গৃহবন্দী হয়ে পড়েছে। শিক্ষার্থীদের স্কুল বন্ধ থাকার কারণে তারা একঘেয়ে জীবন যাপন করছে। তাদের একঘেয়েমি দূর করার পাশাপাশি বুদ্ধিবৃত্তীয় চর্চায় উৎসাহিত করার জন্য এই অনলাইন কুইজ অনুষ্ঠানের আয়োজন করা হবে।	বাংলাদেশ শিশু একাডেমি
০৮	ভার্চুয়াল চিল্ড্রেন ক্লাব	বৈশ্বিক মহামারী করোনার কারণে শিক্ষার্থীরা এখন গৃহবন্দী হয়ে পড়েছে। শিক্ষার্থীদের স্কুল বন্ধ থাকার কারণে তারা একঘেয়ে জীবন যাপন করছে। তাদের একঘেয়েমি দূর করে গঠনমূলক চিন্তাভাবনার পাশাপাশি ক্লাব চর্চায় উৎসাহিত করার জন্য এই ক্লাব গঠনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	বাংলাদেশ শিশু একাডেমি
০৯	প্রতিষ্ঠান ডাইরেক্টরি	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল অফিস সমূহের তালিকা, দূত যোগাযোগের তথ্য সম্বলিত ডাটাবেজ।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়